



ELECTRICITY GENERATION COMPANY OF BANGLADESH LIMITED

(An Enterprise of Bangladesh Power Development Board)

Unique Heights (Level-15 & 16), 117, Kazi Nazrul Islam Avenue, Eskaton Garden, Dhaka-1217
Tel: 55138633-36 (PABX), Fax: 880-2-55138637, E-mail: info@egcb.com.bd, Web: www.egcb.com.bd

প্রশিক্ষণ বিজ্ঞপ্তি

বৈদ্যুতিক কর্মপেশায় দক্ষ জনশক্তি সৃষ্টির লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজসম্পদ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহ একযোগে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিঃ এর নির্ধারিত ভেন্যুতে (সিদ্ধিরগঞ্জ/নারায়ণগঞ্জ/নিকটস্থ) আগামী ১ জানুয়ারি ২০২০ তারিখে (সম্ভাব্য) "রেগুলার ইলেক্ট্রিশিয়ান কোর্স" শীর্ষক প্রশিক্ষণ কার্যক্রমের প্রথম কোর্স শুরু হবে। প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণে ইচ্ছুক বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ


ক্র. নং	প্রশিক্ষণ শিরোনাম	শিক্ষাগত যোগ্যতা	আসন সংখ্যা	প্রশিক্ষণের মেয়াদ	প্রশিক্ষণের সময়
০১।	রেগুলার ইলেক্ট্রিশিয়ান কোর্স	অষ্টম শ্রেণী/সমমান	৩০ (ত্রিশ)	৩৬০ ঘণ্টা (৬০ দিন)	সকাল ০৮:৩০ টা হতে দুপুর ০১:০০ টা পর্যন্ত (পরিবর্তনযোগ্য)

প্রশিক্ষণ কোর্সটির বৈশিষ্ট্যঃ

- প্রশিক্ষণ গ্রহণের জন্য প্রশিক্ষণার্থীদের নিকট হতে কোন কোর্স ফি নেয়া হবে না। প্রশিক্ষণের যাবতীয় ব্যয় ইজিসিবি কর্তৃক নির্বাহ করা হবে।
- প্রশিক্ষণার্থীগণকে প্রশিক্ষণের দিন টিফিন ভাতা/ টিফিন এবং প্রশিক্ষণের উপকরণ প্রদান করা হবে।
- প্রশিক্ষণ কোর্স শেষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বৈদ্যুতিক উপদেষ্টা ও প্রধান বিদ্যুৎ পরিদর্শক এর দপ্তর কর্তৃক গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ প্রশিক্ষণার্থীগণকে সনদপত্র প্রদান করা হবে, যার বিপরীতে ইলেক্ট্রিশিয়ান হিসেবে কাজ করার বৈধ অনুমতি পাবে।
- আসন সংখ্যার চেয়ে যোগ্য আবেদনকারীর সংখ্যা বেশী হলে কর্তৃপক্ষ কর্তৃক প্রার্থী বাছাই করা হবে এবং এক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। উল্লেখ্য যে, অবশিষ্ট যোগ্য আবেদনকারীগণকে এ প্রশিক্ষণের পরবর্তী ব্যাচের জন্য প্যানেলভুক্ত করা এবং পর্যায়ক্রমে অংশগ্রহণের সুযোগ দেয়া হতে পারে।
- প্রশিক্ষণ কোর্সে দক্ষতা প্রদর্শনকারী প্রশিক্ষণার্থীদের পরবর্তীতে "ইন্ডাস্ট্রিয়াল ইলেক্ট্রিশিয়ান কোর্স" এর জন্য নির্বাচন করা হতে পারে।

শর্তাবলীঃ

- প্রশিক্ষণার্থীর ন্যূনতম বয়স ১৫ বছর হতে হবে।
- নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিঃ এর নির্ধারিত ট্রেনিং ভেন্যুতে (সিদ্ধিরগঞ্জ/নারায়ণগঞ্জ/নিকটস্থ) উপস্থিত হয়ে প্রশিক্ষণ গ্রহণ করতে হবে।
- প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ অনাবাসিক হবে।
- এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৫ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ বিকাল ০৫:০০ টা পর্যন্ত ইজিসিবির ওয়েবসাইট (<https://www.egcb.gov.bd>) তে বিনামূল্যে প্রশিক্ষণের আবেদন ফরম পাওয়া যাবে।
- যথাযথভাবে পূরণকৃত আবেদন ফরমের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ/ নাগরিকত্ব সনদ ও শিক্ষাগত যোগ্যতার মূলসনদপত্রের ছায়ালিপি সংযুক্তপূর্বক আবেদনপত্র আগামী ১৫ ডিসেম্বর ২০১৯ খ্রিঃ বিকাল ০৫:০০ টা'র মধ্যে ইমেইলে- (recegcb@gmail.com) অবশ্যই দাখিল করতে হবে। প্রশিক্ষণ শুরুর পূর্বে ইমেইলে প্রেরিত আবেদনের মূল কপি, অন্যান্য কাগজপত্রের ফটোকপি ও ছবি কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে।
- প্রশিক্ষণ কোর্স সংক্রান্ত বিস্তারিত জানার জন্য অফিস চলাকালীন ০১৭০৮-৪৯৭৬৩১ (ব্যবস্থাপক, প্রশাসন, সিদ্ধিরগঞ্জ ২২১২০ মেঃঃঃ পিপিপি, সিদ্ধিরগঞ্জ, নারায়ণগঞ্জ) অথবা ০১৬১১-০৯১১১১ (উপ-ব্যবস্থাপক-এইচআর, কর্পোরেট অফিস, ইজিসিবি লিঃ, ঢাকা) নম্বরে যোগাযোগ করা যাবে।
- এ প্রশিক্ষণে অংশগ্রহণের কারণে ইলেক্ট্রিসিটি জেনারেশন কোম্পানি অব বাংলাদেশ লিঃ-এ বা বিদ্যুৎ বিভাগের আওতাধীন অন্য কোন প্রতিষ্ঠানে বা সংস্থায় চাকুরীর নিশ্চয়তা প্রদান করবে না।



(মোঃ আবু হেনা ফরুজুল হক)

মহাব্যবস্থাপক (এইচআর)

ইজিসিবি লিঃ, ঢাকা।